

📖 হাদীস সম্ভার

হাদিস নম্বরঃ ৩৪৪৯

২৭/ আদব

পরিচ্ছেদঃ মু'মিনদের জন্য বিনয়ী ও বিনম্র হওয়ার গুরুত্ব

আরবী

وَعَنْ أَنَسٍ أَنَّ رَسُولَ اللَّهِ ﷺ كَانَ إِذَا أَكَلَ طَعَامًا لَعِقَ أَصَابِعَهُ الثَّلَاثَ قَالَ : وَقَالَ إِذَا سَقَطَتْ لُقْمَةٌ أَحَدِكُمْ فَلْيُمِطْ عَنْهَا الْأَذَى وَلْيَأْكُلْهَا وَلَا يَدْعُهَا لِلشَّيْطَانِ وَأَمَرَ أَنْ تُسَلَّتِ الْقَصْعَةُ، قَالَ فَإِنَّكُمْ لَا تَدْرُونَ فِي أَيِّ طَعَامِكُمُ الْبَرَكَةُ رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

(৩৪৪৯) আনাস (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন আহার করতেন, তখন স্বীয় তিনটি আঙ্গুল চেটে খেতেন এবং বলতেন, কারো খাবারের লুকমা নিচে পড়ে গেলে সে যেন তা তুলে পরিষ্কার করে খেয়ে ফেলে এবং শয়তানের জন্য ফেলে না রাখে। আর তিনি আমাদেরকে খাদ্যপাত্র (বা বাসন) ভালভাবে চেটে খেতে নির্দেশ দিয়েছেন এবং বলেছেন, তোমরা জান না যে, তোমাদের কোন্ খাবারে বরকত নিহিত আছে।

ফুটনোট

(মুসলিম ৫৪২১-৫৪২৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=67197>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন